

Festschrift
Prof. Apurba Ray



FESTSCHRIFT

PROF. APURBA RAY





**ASUTOSH
COLLEGE**

A CENTRE FOR
UG & PG STUDIES
AND RESEARCH

First Published:
2023

Copyright:
Asutosh College
92 S. P. Mukherjee Road
Kolkata - 700 026

Published by:
Prof. (Dr.) Manas Kabi
Principal, Asutosh College
92 S. P. Mukherjee Road,
Kolkata - 700 026

Cover: Saswata Das

Printed by:
M. Samu

No portion of this book can be printed or used in any other publication in any mode without permission. Any deviation is liable for legal action.

EDITORIAL BOARD

Editor:

Prof. (Dr.) Manas Kabi, Principal, Asutosh College

Associate Editors:

Dr. Chandramalli Sengupta, Associate Professor, Department of Bengali

Dr. Sraboni Roy, Associate Professor, Department of English

Dr. Supatra Sen, Associate Professor, Department of Botany

Dr. Reema Roy, Assistant Professor, Department of Journalism & Mass Communication



Publication Cell, Asutosh College

TABLE OF CONTENTS

Message from the President: Asutosh College Governing Body	07
অধ্যক্ষের কলমে	08
Note from the Publication Cell	09
A Journey Well Traversed — Dr. Sayani Mukhopadhyay	10
Note from IQAC — Dr. Sriparna Datta Ray	11
অপূর্ব স্যার ৪ কর্মজীবনের কয়েকটি পর্ব — ড. রীণা কর দত্ত	13
Prof. Apurba Ray, A Distinguished Colleague, Who Became A Friend Forever — Dr. Debdas Ray	15
অপূর্ব রায় কিছু স্মৃতি — অধ্যাপক প্রণব কান্তি বসু	17
অধ্যাপক অপূর্ব রায় - আশুতোষ কলেজে সাড়ে তিন দশকের উজ্জ্বল অবস্থান — ড. দেবব্রত দত্ত	20
অপূর্ব ই অপূর্ব — ড. সুপ্রিয়া সেনগুপ্ত	22
অধ্যাপক অপূর্ব রায়কে যেমন দেখেছি — ড. সজল ভট্টাচার্য	23
অপূর্ব নির্মাণ — কৃষ্ণা বসু	25
ভিপি স্যার নন অপূর্বদা — ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত	26
1987 A man who led from the front — Dr. Abhik Kundu	28
Prof. Apurba Ray in my eyes — Ashim Sarkar	30
Prof. Apurba Ray as I saw him — Dr. Prabir Rudra	32

Message from the President Asutosh College Governing Body

Today, the 31st of May 2023, the Asutosh College family will be poorer by comparison for Sri Apurba Ray, Vice-Principal and former Bursar of the institution, and Associate Professor in the department of Mathematics retires from service. Prof. Ray's calm presence will be missed by all in the college – by his colleagues in the department of Mathematics and in the Professors' Room, by the staff in the Principal's room, by all students and all members of the non-teaching staff. His has been a steadying influence on all who interacted with him during his period of service in this college, but even more so during his tenure as Vice-Principal. In the troubled times of the COVID-19 pandemic he steered this institution deftly and with great sensitivity.

The little pieces of reminiscence in this **FESTSCHRIFT** penned by Prof. Ray's colleagues show the high esteem in which the Asutosh College family holds him. I take this opportunity to congratulate him on a successful service life and wish him well in the days ahead.

Prof. Saugata Roy
President
Governing Body
Asutosh College

অধ্যক্ষের কলমে

অধ্যক্ষের দায়িত্ব নেওয়ার অনেক আগে থেকেই আমার সঙ্গে অধ্যাপক অপূর্ব রায়ের সম্পর্ক ছিল: প্রথমে দু'জনেই সহকর্মী; তারপর উনি বারসার, আমি অধ্যাপক; পূর্বতন অধ্যক্ষ অধ্যাপক (ড.) দীপককুমার কর মহাশয়ের উপাচার্য হিসাবে দায়িত্ব নেওয়ার পরে আমি বারসার, অপূর্ববাবু কলেজের উপাধ্যক্ষ; কলেজের পরিচালন সমিতিতে উনি সম্পাদক, আমি শিক্ষক প্রতিনিধি আর এখন গুঁর বিদায়ের কালে আমি সদ্য অধ্যক্ষ হলাম। এতগুলো বছর একসঙ্গে কাজ করতে করতে মানুষটির সঙ্গে আমার ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠেছে, বিশেষ করে আমাদের বাড়ি খুব কাছাকাছি হওয়ায় তার একটা বড়ো কারণ।

কলেজে যাঁদের কাছে প্রশাসনিক কাজকর্ম শিখেছি, অপূর্ববাবু তাঁদের মধ্যে অন্যতম। অ্যাকাউন্টস, রুটিন, ঠাণ্ডা মাথায় পরিস্থিতিকে বিচার ক'রে কাজ করা এবং সব কাজের মধ্যে থেকেও নিরাসক্ত থাকার আশ্চর্য ক্ষমতা – তাঁর থেকে শেখার মতো। উপাধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করা থেকে শুরু ক'রে শেষদিন পর্যন্ত তিনি তা সুচারুভাবে করে গিয়েছেন। আমার পাশে থেকে আমাকে সবসময় নানাভাবে পরামর্শ দিয়েছেন।

আমার অভিভাবকতুল্য অগ্রজ সহকর্মীরা প্রায় সকলেই অবসর নিয়েছেন। এবারে অপূর্ববাবুরও অবসর নেওয়ার পালা।

তাঁর অভিভাবকত্ব এবং সুচিন্তিত মতামত আমাদের চলার পথকে সমৃদ্ধ করবে এই আশা নিয়ে অপূর্ববাবুকে অকুণ্ঠ শ্রদ্ধা ও প্রণাম জানিয়ে কথা শেষ করলাম।

অধ্যাপক (ড.) মানস কবি
অধ্যক্ষ, আশুতোষ কলেজ

Note from the Publication Cell

The Publication Cell of Asutosh College is honoured to be associated with yet another volume of *FESTSCHRIFT*, being published as a mark of appreciation for Professor Apurba Ray, Vice Principal of this august institution. Sir fitted into different posts with ease but never made evident his complete indispensability. His colleagues both new and old, of his department and the entire college know, feel and acknowledge his mammoth contribution. He is a true leader in every sense, guarding and ensuring the well-being of all employees and so this *FESTSCHRIFT* is a spontaneous outflow of sentiments that his colleagues shower him with.

A man of few words, well-controlled emotions and a gentle demeanor, Sir will be remembered by everyone with love, respect and gratitude for the significant difference he made in both academia and administration. Unknowingly, he has taught us much.

May his life ahead be filled with peace and calm – possibly the things he holds dearest.

Publication Cell

Dr. Chandramalli Sengupta

Dr. Sraboni Roy

Dr. Supatra Sen

Dr. Reema Roy

A Journey Well Traversed

It has been a real pleasure to have been able to work with Prof. Apurba Kumar Ray over the years. You have always been kind, patient, soft-spoken, and wise, and that is how you will be remembered forever. When I first joined the college, an image of yours still resonates in my mind: that you are sitting at the corner of the staffroom, passionately engaged in a game of chess whenever you managed some time within your busy schedule. And of course, how can one forget your association with preparing the central routine year after year managing so many difficult variables. Your popularity among students of mathematics clearly proves your supreme control over the profession of teaching.

We also saw him as part of the administration for a long time, first as our representative in the G.B., then as our Bursar, and finally as the Vice Principal of our college. And as usual, he showed his natural ability as an administrator. His attention to details, his dedication, his command over budget management, and his ability to voice great suggestions in difficult situations without losing his calm are some highlights of him as an administrator. We all value your suggestions, and I can vouch for myself that I have tried to emulate your control over emotions in situations where others would easily panic.

You have left an indelible mark on the college, and your expertise and guidance will be greatly missed. Your unwavering commitment to academic excellence has set a high standard for us all, and your presence will be felt long after you leave.

As you embark on this new chapter in your life, I hope you know how much you are appreciated and valued. May this retirement be a time of relaxation, reflection, and fulfilment. Congratulations on a well-deserved retirement, and best wishes for a happy and healthy future.

Dr. Sayani Mukhopadhyay
Governing Body Teachers' Representative
&
Associate Professor in Geography

Note from IQAC

Respected Sir,

It gives me immense pleasure in writing a few lines about my association with you during my tenure in this College since 2017. We have been serving under your able leadership as the Vice Principal of our college since December 6th, 2017. Although, it has been only six incredible years yet this journey is comparable to that of a lifetime specially keeping in mind what we learnt and experienced during the pandemic. Your words of wisdom, parental guidance are things that I shall cherish all my life.

Your temperament in solving problems and your patience at work is enviable. Your ability to convert weakness into strength and use them in one's stride is a quality to imbibe for all of us. I shall always look up to you in times of distress and try and implement what I have learnt from you. It was indeed a fulfilling experience working with you.

I have always seen you as a man of few words since the time I came in touch with you. You were performing your duties as the Bursar of our College when I joined this esteemed institution in January, 2017. I still remember our interactions in the department of mathematics during my initial days after joining Asutosh College. I have had the privilege to experience your meticulous ways of working. Your valuable advice has always been my guiding force.

Over time our interactions took a new dimension as you began your journey as the Vice Principal of our College and I was given the opportunity to serve the institution in the capacity of the head of the postgraduate department of Zoology in 2019 and as the IQAC Co-ordinator of our college since 2022.

Your simple, quiet, methodical pattern of working that you practised over these years is surely something that I shall be taking cues from. Your effective yet simple ways of living life taught me how to approach difficult situations with a smiling and brave face.

You have been such an administrator whose legacy in the hearts of people shall never be destroyed. Your warmth has given rise to love and enduring respect in our hearts that will live on. For me, your caring and forgiving attitude was very endearing. I feel each one of us is a better person because of you. You have earned the trust and respect of all those who came in touch with you. The respect you bestowed upon us, your willingness and eagerness to involve us in taking major decisions are things that shall



**ASUTOSH
COLLEGE**

A CENTRE FOR
UG & PG STUDIES
AND RESEARCH

be remembered. You were dedicated to your task, sincere to the core, simple in life, able to remain calm under pressure and never yielding to anger. You created a stress-free learning environment for students and teachers.

Working under your able administration was indeed a pleasure and as you embark on your new journey, I wish you a very healthy and fulfilling life ahead. Create beautiful memories in the years to come and thank you once again for being a constant source of support.

Take care Sir,

Regards,

Dr. Sriparna Datta Ray
Head of the Department of Zoology
and
IQAC, Co-ordinator
Asutosh College

অপূর্ব স্যার : কর্মজীবনের কয়েকটি পর্ব

আশুতোষ কলেজের উপাধ্যক্ষ শ্রী অপূর্ব রায় মহাশয়ের কর্মজীবন থেকে অবসরের প্রাক্কালে কিছু কথা লিখতে বসেছি। তাঁর কর্মজীবন শুরু সরকারি চাকরি দিয়ে, তারপর কলেজে অধ্যাপনা, অনেক দায়িত্বশীল পদ গ্রহণ করে উপাধ্যক্ষ পদে উন্নীত হয়ে, সকল কর্ম সুনিপুণভাবে সমাধান করার এক সুদীর্ঘ ইতিহাস। অতএব স্পষ্ট যে, এই কলেজের সাথে তাঁর এক নিবিড় আত্মিক সম্পর্ক গড়ে উঠেছিল। এই কলেজে তাঁর কর্মজীবনের পরিসর মোটামুটি তিনটি পর্বে ব্যাপ্ত হয়ে রয়েছে :

প্রথম পর্বে তিনি আশুতোষ কলেজে গণিত বিভাগে অধ্যাপক হিসাবে যোগদান করেন। সালটা ছিল ১৯৮৭। সুদীর্ঘ ৩৬ বৎসর তিনি এই বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন। তিনি খুবই নির্ভার সঙ্গে এই কর্মটি সম্পাদন করেছিলেন। তাঁর শ্রেণীকক্ষে পাঠদান ছিল ছাত্র-ছাত্রীদের কাছে অত্যন্ত এক আকর্ষণীয় বিষয়। ছাত্র-ছাত্রীদের কাছে তিনি ছিলেন এক সফল অধ্যাপক। তিনি WBCS পাশ করে পূর্বেই সরকারী চাকরি করতেন। সেই চাকরি ছেড়ে এই কলেজে এসেছিলেন। যে চাকরি তাঁকে ক্ষমতার উচ্চ শিখরে নিয়ে যেতে পারত, সেই ক্ষমতার অলিন্দকে তুচ্ছ করে তিনি নিজের সবচেয়ে প্রিয় কাজটি বেছে নিয়ে শিক্ষাজগতেই থেকে গিয়েছিলেন। এই কাজের মধ্যেই তিনি তাঁর প্রকৃত সত্তাকে খুঁজে পেয়েছিলেন। গণিতের সাথে সাথে তাঁর আর একটি বিষয়েও বিশেষ আগ্রহ ছিল - সেটা হল দাবা। এ ব্যাপারে তাঁর সঙ্গী ছিলেন ভূগোল বিভাগের শ্রী সুদীপ দাশগুপ্ত মহাশয়। দাবা ও গণিত তাঁর জীবনে অদ্ভুত মেলবন্ধন ঘটিয়েছিল।

WBCS এর চাকরি করার সুবাদে তাঁর প্রশাসনিক দক্ষতাও ছিল অনন্য। তাই তাঁর কর্মজীবনের দ্বিতীয় পর্বে অধ্যাপনার পাশাপাশি সম্পূর্ণ এক ভিন্ন ধরনের কাজের সাথেও যুক্ত হয়েছিলেন - তিনি বারসার হিসাবে দায়িত্ব প্রাপ্ত হন। বলাই বাহুল্য গণিতের সঙ্গে যুক্ত, সরকারী কাজের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি খুবই দক্ষতার সঙ্গে এই কাজটি সম্পন্ন করেছিলেন। অবশ্য এর আগে তিনি পরিচালন পর্যদের সদস্যও ছিলেন। আরো একটি যে জটিল কাজের সাথে তিনি যুক্ত ছিলেন, সেটি উল্লেখ না করলেই নয়। আমাদের কলেজে ৩০টি বিভাগ এবং বিভিন্ন বিভাগের বিভিন্ন ধরনের পাঠক্রম - বৈচিত্র্যপূর্ণ এই পাঠক্রমগুলির সময়সূচী করা খুব সহজ ছিল না। এই কাজটি তিনি বরাবর একা হাতে সামলেছিলেন।

তাঁর কর্মজীবনের তৃতীয় পর্বটি ছিল নজরকাড়া। আমাদের অধ্যক্ষ মহাশয় ড. দীপক কুমার কর উচ্চপদে আসীন হয়ে বিশ্ববিদ্যালয়ে চলে গেলে, কলেজের সমস্ত দায়িত্ব অপূর্ববাবুর উপর ন্যস্ত হয় এবং তিনি কলেজে উপাধ্যক্ষের দায়িত্ব গ্রহণ করেন। তিনি শাস্ত্র, স্থিতধী এক ব্যক্তিত্ব। তাঁর চারিত্রিক দৃঢ়তা অসামান্য। ফলে যে কোনো সমস্যা সমাধানেই তাঁর এই চারিত্রিক বৈশিষ্ট্য বিশেষভাবে সহায়তা করেছিল।

এই বিষয়ে একটা কথা উল্লেখ করতে হয়। কলেজের সমস্ত কাজকর্ম সঠিকভাবে পরিচালনা করতে গেলে নানা সভার আয়োজন করতে হয়। ওই সমস্ত সভায় তিনি খুব শান্তভাবে সকলের কথা শুনে, সভার শেষ পর্যায়ে বিরোধী মত খন্ডন করে, নিজের মত খুব স্বল্প কথায় ব্যক্ত করতেন। এইটি তাঁর চরিত্রের এক বিশেষ আকর্ষণীয় দিক।



**ASUTOSH
COLLEGE**

A CENTRE FOR
UG & PG STUDIES
AND RESEARCH

FESTSCHRIFT: PROF. APURBA RAY

তাঁর দায়িত্ববোধের কথা বলতে গিয়ে বলতে হয় কোভিড কালের কথা। যে সময়ে আমরা সকলে ঘরে বন্দী হয়েছিলাম, নানা অসুস্থতা থাকা সত্ত্বেও উনি নিয়মিত কলেজে গিয়ে সমস্ত প্রশাসনিক কাজ সামলেছিলেন। আশুতোষ কলেজ একথা চিরদিন মনে রাখবে।

কর্মজীবন সকলেরই একদিন শেষ হয়। কিন্তু তার পরেও আরেকটি জীবন থেকে যায়। সেই নতুন জীবনে পথ চলা স্যার আগেই শুরু করে দিয়েছেন। আধ্যাত্মিক জীবনে তিনি নতুন কর্মের সম্মান পাবেন। আপনি সুস্থ থাকুন, ভালো থাকুন, আনন্দে থাকুন - এই শুভকামনা রইল।

ড. রীণা কর দত্ত
সম্পাদক শিক্ষা সংসদ
আশুতোষ কলেজ
ও
সহযোগী অধ্যাপক
দর্শন বিভাগ

Prof. Apurba Ray, A Distinguished Colleague, Who Became A Friend Forever.

Prof. Apurba (it means which has not been seen or noted earlier) Ray is practically a person, which epitomises him, from my point of view.

You must be wondering why I am writing so. Would you please allow me to establish my observations in favour of my claim?

Keeping in mind that you have allowed me, let me put on record my observations.

1. That Apurba takes ample time to comb his hair, which never becomes এলোমেলো EVEN IF THERE IS STORM DURING TEACHERS' COUNCIL MEETING.
2. That Apurba has essentially maintained his style of wearing clothes (জামা গুঁজে পরার বলাই নেই)
3. That Apurba was the first person during my college tenure, who introduced playing chess during leisure hours with Prof. Pranab Basu, till the later left for Viswa-Bharati.
4. That Apurba was the only person, who was never hesitant in offering me cigarettes (it is information for Apurba that I have quit smoking).
5. That Apurba was the only person about whom another Prof. Ray of our times, never found any fault, whereas that Prof. Ray was considered to be ঠোটকাটা, in many other cases.
6. That Apurba, what I presume uses NABARATNA OIL TO KEEP HIS মাথা ঠান্ডা ঠান্ডা COOL COOL.
7. That Apurba was very energetic during our college picnics. In one such occasions, Apurba and myself took the responsibility of doing কাঁচা বাজার FROM LAKE MARKET. On that very day, I came to know that there is a rice variety, known as বাঁশকাঠি. He bought that variety, but in real life he never used the technique of giving BANSKATI to anybody, who even disliked him.
8. That Apurba was very cordial to my elder son. My son used to go to his house to get help for Mathematics. Whenever he used to come back his first words were, " স্যারের বাড়ি আজ দুর্দান্ত জিলিপি খেলাম, কিংবা দুর্দান্ত কচুরি খেলাম। আমি বলতাম: দুর্দান্ত অঙ্ক শিখলাম, সেটা তো আগে বলবে।".

9. That Apurba never uttered a single word, which hurt his colleagues in the college.
10. That Apurba's most favourite words were, "বৌ দাঁড়িয়ে আছে অনেকক্ষণ ট্রেন থেকে নেমে" , when I used to travel back home in his favourite FIAT.

Last but not the least, " He is truly a wonderful person with a large heart and that is why, he could even accommodate me in his heart, knowing fully that an insignificant person like me does not deserve such love and respect."

Thus Apurba became a Friend Forever from a Distinguished Colleague in my life.

Dr. Debdas Ray
Retired Associate Professor of Geology
Asutosh College.

“ আমার কথাটি ফুরোলো, নটে গাছটি মুড়োলো।”

অপূর্ব রায় কিছু স্মৃতি

আমাকে শ্রাবণী যখন অপূর্ব সম্বন্ধে স্মৃতিচারণা করে একটা লেখা দিতে অনুরোধ করে তখন আমি একটু ফাঁপরেই পড়ে যাই। এক তো আমাকে ইংরেজিতে লিখতে বলেছিল, আমি বলি যে স্মৃতি একটা ভাষায় আছে এখন আমি তাকে দুমড়ে মুচড়ে কেটে ছেঁটে হয়তো অন্য ভাষিক কাঠামোতে কোনক্রমে ফিট করতে পারি, যেমন আত্মীয়দের থেকে পাওয়া খাটো মাপের জামা আমরা উৎসবের মরশুমে পরে নিই। কিন্তু তার জন্য শারীরিক ক্লেশ সহ্য করতে হয় এবং যারা দেখে তারা গরমিল সহজেই বুঝতে পারে। ইংরেজিতে অপূর্বের স্মৃতিগুলি তেমনই হয়তো কিভূত দর্শন হবে। সে সমস্যার না হয় সমাধান হল, কিন্তু আর একটা অনেক গভীর সমস্যা থেকেই গেল। যে অপূর্ব আমার স্মৃতিতে উজ্জ্বল সে ছিল প্রচার বিমুখ। বন্ধুদের নিয়ে কিছু বলতে এমনিতে নিজেরই বাধ বাধ ঠেকে আর সাদা কালোয়, পাঠকের নিজস্ব পাঠের জন্য, একান্ত আপন কিছু কথা যা আবার কালের নিয়মে নানা অভিজ্ঞতার রঙে রঞ্জিত, পেশ করতে একদমই মন সায় দিচ্ছিল না। তার ওপর আমার চেনা তথ্যনিষ্ঠ অপূর্বকে নিয়ে। আর পরিকল্পনাটা পরিষ্কার বুঝতেও পারছিলাম না। ভেবেছিলাম জানিয়ে দেব পারব না কারণ আমার চেনা অপূর্বের চরিত্রের সঙ্গে পরিকল্পনাটা বেমানান মনে হয়েছিল। কিন্তু আমি কলেজ থেকে এত দূরে চলে গেছি যে এখন পরিকল্পনার গুঁচিত্যে তে যারা আছে তারাই ঠিক করবেন, আমার মতামত দেওয়া সমীচীন নয়। তাই আমার কাছে যেটুকু চেয়েছে সেটুকুই করে দিই।

লিখতে বসে আবার সমস্যা। এত স্মৃতি ভিড় করে আসে যে তার মধ্যে থেকে বিশেষ ব্যক্তির স্মৃতি বিচ্ছিন্ন করা দুষ্কর। স্টাফরুমের দক্ষিণের জানালার ধারে মুখোমুখি বসা। কিন্তু গোপাল-দা, উদয়-দা, রমেন-দাকে বাদ দিয়ে তো দক্ষিণের জানালার পাসের আড্ডাটা ভাবা যায় না। উদয়-দার উপস্থিত কৌতুক, রমেন-দার টিপ্পনী, গোপাল-দার তীক্ষ্ণ বীক্ষণ। পাশে বসে শিশুর মত সরল দীপ্তি-দা। এ সবে মধ্য সাদা বিনয়ী জয়ন্ত-দা, তথ্য ও তত্ত্বের ভাণ্ডার মৈনাক-দার ইতস্তত আগমন। টেবিলের অন্য প্রান্ত থেকে প্রবীর-দার ছুঁড়ে দেওয়া কিছু রসাল খবর; পরিতোষ-দার সুচিন্তিত মতামত আর প্রায়শই, সমান যুক্তি দিয়ে পরিতোষ-দার রাজনৈতিক বক্তব্য খণ্ডন করার জন্য ছিলেন একই বিভাগের অমৃতভ-দা। আর সাদা হাস্যময় শ্যাম-দা, যে অবশ্য বেশীর ভাগ সময় একই বিভাগের অপূর্বের মতই ছাত্র-ছাত্রী বেষ্টিত থাকত। আর স্মৃতিতে উজ্জ্বল সুধীন-দা। অপূর্বেরই ভিন্টেজ মডেল। সবার প্রিয়, কলেজের কোন প্রশাসনিক কাজে ক্লান্তি ছিল না। এখন বয়সের নিয়মে, স্মৃতিগুলির সংক্ষেপণ হয়ে কালের খোপগুলি ভেঙ্গে গেছে। যেমন আমি মনেই করতে পারছি না অপূর্বের সঙ্গে চির নবীন প্রণয়-দার সাক্ষাৎ হয়েছিল কি না। এই যোগের মধ্যে স্টাফ রুমের অন্য প্রান্ত থেকে ভেসে আসা অমলদার অ-মাইক গলা। কলেজের প্রথম শিক্ষিকা বাসন্তীদির প্রশ্রয় মিশ্রিত শাসন, যত্ন করে বাৎসরিক ফিস্টের আয়োজন। পরে এলো আরও অনেক শিক্ষিকা। রাইকমল পর্যন্ত বোধহয় শিক্ষক-শিক্ষিকা বিভাজনটা প্রকট হয় নি। তবে দীর্ঘ দিন শুধু পুরুষ শিক্ষক থাকায় স্টাফ-রুমের রসিকতার মধ্যে অবশ্যই একটা সেক্সিস্ট মাত্রা ছিল। স্বাভাবিক ভাবেই আমাদের মহিলা সহকর্মীরা যখন যথেষ্ট সংখ্যায় নিযুক্ত হল তখন তাদের আড্ডাটা পৃথক হয়ে গেল। আরও কত স্মৃতি।

এ সবে মধ্য প্রথম দর্শনে স্থিতধী, তথ্য-নিষ্ঠার ভাৱে খানিক ন্যূন দায়িত্ববান অপূর্ব। কথা বলাই ভার,

কারণ ক্লাস থেকে ফিরেই হাত ভর্তি চক নিয়ে ছাত্রদের নানা সমস্যার সমাধানে ব্যস্ত হয়ে পড়ত। কিছু দিনের পরিচয়ে বোঝা গেল আগন্তুকের যথেষ্ট রসবোধ আছে, আছে সুনির্দিষ্ট সমাজ-বোধ এবং খুবই পরিণত মানুষ চেনার ক্ষমতা আছে। আমার সঙ্গে অপূর্বের ঘনিষ্ঠতাও হয়ে গেল, কারণটা অবশ্য খানিক অপেশাদার (বা একজন শ্রদ্ধেয় অধ্যক্ষের মতে, অসামাজিক) নেশার প্রতি আকর্ষণ – দাবা খেলার ঝোঁক। এই অসামাজিক নেশার ঝোঁকে অপূর্বের চরিত্রে খানিক স্থলন ঘটল – এখন মাঝে মাঝে ছাত্রদের পরে আসতে বলত, আমাদের দাবা ক্লাবে নতুন সদস্য যোগ হল: নিয়মিত সুদীপ আর অনিয়মিত দেবাশিস।

সবার যেমন থাকে, অপূর্বের ব্যক্তিত্বে কিছু বৈপরীত্য ছিল। সেই সময়টা কলেজের বোধহয় ব্যতিক্রমী একটা অধ্যায় চলছিল। শিক্ষক সংসদে, পরিচালন সমিতিতে প্রবল প্রতিদ্বন্দ্বিতা ছিল। অন্যান্য কলেজে যে বন্ধুরা পড়ত তাদের আমি বেশ গর্ব করে আমাদের শিক্ষক সংসদের বাদবিতণ্ডার গল্প বলতাম। শুধু আমাদের কলেজের বিষয় নয়, সাধারণ শিক্ষা-নীতি, শিক্ষকদের সমস্যা, ইত্যাদি। মনে পরে রাজ্য সরকার আমাদের কিছু শিক্ষকের বেতন বৃদ্ধি রদ করে দেয়। আমাদের সংগঠন, অর্থাৎ ওয়েবকুটা থেকে কোন সাহায্য পাইনি। কিন্তু শিক্ষক সংসদ তার তহবিল থেকে আইনি লড়াই করে এই নির্দেশ বাতিল করতে সক্ষম হয়। সংসদের এই শক্তির পেছনে ছিল অদ্ভুত শিক্ষক ঐক্য, যাতে রাজনৈতিক মতভেদ অনেক দিন পর্যন্ত চিড় ধরতে পারে নি। বিতর্কে অপূর্ব অনেক সময়ই বক্তব্য রাখত। ওর বক্তব্যে অকাটা যুক্তি থাকত কিন্তু ও কখনও সরাসরি কাউকে আক্রমণ করত না, যা ছিল আমার স্বভাবের সম্পূর্ণ বিপরীত! শান্ত ধীর ভাবে যা বলার বলত। হয়তো ওর আমলাতান্ত্রিক অভিজ্ঞতা (অপূর্বের চাকরি জীবন শুরু করে বিডিও হিসাবে) কারণ ছিল। বৈপরীত্যের কথা বলছিলাম এ কারণে যে শিক্ষক সংসদ অথবা পরিচালন সমিতির নির্বাচনে আমাদের (আমরা কারা ছিলাম সে প্রশ্ন এখন অবাস্তব) সমর্থনের হিসাব, সম্ভাবনাময় প্রার্থী ঠিক করা, এ সব বিষয়ে অপূর্ব অগ্রণী ভূমিকা নিত। কিন্তু বিতর্কে কখনই আগ্রাসী মনোভাব দেখাত না।

রাজনৈতিক ও সামাজিক স্তরে অপূর্ব ছিল আদ্যোপান্ত গণতান্ত্রিক। এটা আমি অনুভব করেছি কর্মস্থলে বা বেড়াতে গিয়ে অধস্তন কর্মচারীদের সঙ্গে ব্যবহারে। পরিবারের মধ্যেও, আমি যতটুকু দেখেছি, অন্যের মতকে ও যথেষ্ট প্রাধান্য দিত। হিসাব রক্ষার প্রতি ওর একটা অমোঘ টান ছিল। বেড়াতে গিয়ে ওকেই স্বাভাবিক ভাবে হিসাব রাখার দায়িত্ব দেওয়া হয়। ও দিনের শেষে সব খুঁটিনাটি হিসাব লিখত। অবশ্য সব সময় মিলত এমনও নয়। সেক্ষেত্রে একটা এন্ট্রি যোগ করত “কি জানি কি”! বেড়ানোর কথায় মনে পড়ল, অপূর্ব ছিল অসম্ভব আত্মবিশ্বাসী। বিশ্বাসটা সব সময় যথার্থ ছিল না যে তার প্রমাণ ছাঙ্গু লেকে বেড়াতে গিয়ে পাই। সঙ্গে গুড্ডু আর তানিও (ওর সন্তানদ্বয়) ছিল। ছাঙ্গু লেকে শীত প্রতিরোধ করতে কি পরা উচিত সে বিষয়ে অপূর্ব কারো সঙ্গে আলোচনা করে নি। লেক তখন জমে বরফ। খানিক হাঁটা হাঁটির পর গুড্ডু আর তানি শীতে কাবু হয়ে পড়ল। তখন আমরা দেখি ওরা কলকাতার আবহাওয়ায় মানানসই মোজা পরে আছে। ততক্ষণে ওদের প্রবল কাঁপুনি ধরেছে। ভাগ্য ভালো কাছেই সেনা ছাউনি ছিল। জওয়ানরা ওদের নিয়ে আগুনের তাপে খানিক স্বাভাবিক করে তোলে। তবে গ্যাংটক ফিরে ধুম জ্বর আসে, যে কারণে অপূর্বেরা পেমিয়াংসি না গিয়ে কালিম্পং-এ নেমে আমাদের জন্য অপেক্ষা করে।

অপূর্ব যথেষ্ট বন্ধু বৎসল ছিল। আমাদের 'বনফুলে'র আড্ডা যতদিন টিকেছে ও ছিল নিয়মিত সদস্য। আর নিয়মিত সদস্যদের মধ্যে ছিল উদয়দা আর রমেন-দা। আমাদের রোজকার মেনু ছিল পরোটা আর চিলি

চিকেন - উদয়-দার আবিষ্কৃত অত্যন্ত সুস্বাদু খাদ্য। ওর বন্ধু বাৎস্যের সবচেয়ে বড় প্রমাণ অপূর্ব আমাদের কু-পেয় আড্ডাতেও সামিল হত যদিও ও নিজে স্ন্যাক্স খেত শুধু কারণ অ্যালার্জি ছিল। অপূর্ব অনেক দিক দিয়েই সবার থেকে স্বতন্ত্র ছিল। প্রশাসনিক নানা কাজ করত, কোন পদ ছাড়াই, নিঃশব্দে করত এবং কখনও বিরক্তি প্রকাশ করতে দেখতাম না। অন্যরা করলে তা সবাইকে জানান দিয়ে করত। আমি অবশ্য ওর কাজের বহরে বিরক্ত হতাম কারণ তা আমাদের দাবা খেলায় অন্তরায় সৃষ্টি করত। ওর মধুমেহ রোগও ছিল স্বতন্ত্র ধরণের। ওর পূর্বপুরুষ কারোরই নাকি ছিল না। তবে ওর স্ত্রী মিস্টুর ছিল। এই প্রথম আবিষ্কার হল যে মধুমেহ রোগ ছোঁয়াচে। অবশ্য এটা ডকুমেন্টেশন হয়েছে কি না হলফ করে বলতে পারব না।

নানা উত্থান পতনের মধ্যে কলেজের প্রতি ওর কর্তব্যবোধ অটল রয়ে গেছে। আশঙ্কা হয় কর্ম বিরতির পরও অপূর্ব হাজারায় ঘোরাফেরা করতে থাকবে। হয়তো বা মহানির্বাণের পরও কলেজে ওর আনাগোনা থাকবে, কলেজের মঙ্গলই হবে।

অধ্যাপক প্রণব কান্তি বসু
প্রাক্তন অধ্যাপক, অর্থনীতি বিভাগ
আশুতোষ কলেজ

অধ্যাপক অপূর্ব রায় - আশুতোষ কলেজে সাড়ে তিন দশকের উজ্জ্বল অবস্থান

৯৮৭, সেপ্টেম্বর। একই সঙ্গে আমরা পাঁচ অধ্যাপক, দর্শনশাস্ত্রে পূর্ণদা, ইতিহাসে সুভাষদা, রসায়নে পার্থ, অক্ষশাস্ত্রে অপূর্ব এবং অর্থনীতিতে আমি আশুতোষ কলেজে অধ্যাপনার কাজে যুক্ত হলাম। একই সঙ্গে পাঁচজন অধ্যাপকের আশুতোষ কলেজে যোগদান সেই সময় সম্ভবতঃ কলেজের ইতিহাসে একটি রেকর্ড ছিল। তখন আশুতোষ কলেজের অধ্যক্ষ ছিলেন ডঃ শুভঙ্কর চক্রবর্তী, কলেজের শৃঙ্খলা এবং পঠনপাঠনের প্রতি যার নিবিড় মনোযোগ ছিল। আমাদের পাঁচজনের মধ্যে পূর্ণদা, সুভাষদা এবং পার্থ শিক্ষাজগৎ থেকেই এসেছিলেন, কিন্তু অপূর্ব এসেছিলেন রাষ্ট্রীয় প্রশাসনিক ক্ষেত্রে উচ্চপদে কাজের অভিজ্ঞতা নিয়ে। আমি এসেছিলাম ব্যাঙ্কিং দুনিয়া থেকে। আমাদের পাঁচজনের মধ্যে অপূর্ব ছিলেন কনিষ্ঠতম কিন্তু কলেজের বিভিন্ন দায়িত্ব পালনে অগ্রগণ্য। অত্যন্ত সাবলীলভাবে আমরা আশুতোষ কলেজ পরিবারের অংশ হলাম এবং প্রবীণ বিদগ্ধ অধ্যাপকেরা সখ্যতার সঙ্গে আমাদের গ্রহণ করলেন। আশুতোষ কলেজের বৈশিষ্ট্য ছিল অধ্যাপকদের মধ্যে দলমত নির্বিশেষে একধরনের আপনবোধ এবং সহজাত ঘনিষ্ঠতা। আমরা এই পরিবারের বিরাজমান সম্প্রীতির আবহকে অনুভব করতে অভ্যস্ত হলাম।

একসাথে কলেজে যোগদান করার এবং পড়ানো শুরু করার সূত্রে স্বভাবতঃই অপূর্ব এবং আমার মধ্যে এক ধরনের নৈকট্য গড়ে উঠল। অর্থনীতি এবং অক্ষশাস্ত্রের অধ্যাপকেরা একটি সাধারণ (কমন) হল ব্যবহার করতেন। বিজ্ঞানের অন্যান্য বিভাগের অবশ্য নিজস্ব বিভাগীয় পরিসর ছিল। একই হলে ক্লাসের ফাঁকে সময় কাটানোও ছিল আমাদের মধ্যে ঘনিষ্ঠতার একটি হেতু। যদিও দাবা খেলার সূত্রে অপূর্বের ঘনিষ্ঠতা বেশী হল আমারই বিভাগের প্রণবের সঙ্গে। অপূর্বের অভিমত ছিল যে পারিপার্শ্বিক ছোটখাট বিষয়ে মাথা না ঘামিয়ে দাবার বোর্ডে মগ্ন থাকা অনেক ভাল।

কলেজে যোগদানের এবং অপূর্বের সঙ্গে পরিচয়ের পরেই বুঝলাম কলেজের জন্য অপূর্ব একটি রত্নবিশেষ। একদিকে শিক্ষক হিসাবে অতুলনীয়, আবার প্রতিষ্ঠানের নানাবিধ দায়িত্ব পালনে দারুণভাবে সক্ষম। অঙ্কের আর একজন পণ্ডিত অধ্যাপক ডঃ দিলীপ সেন বলতেন, যে কোন প্রতিষ্ঠানে কিছু মানুষ থাকেন যারা কোনো প্রতিষ্ঠানকে বেঁধে রাখতে পারেন। অপূর্ব সেই বাইন্ডার। আমাদের অর্থনীতিতে প্রাতিষ্ঠানিক অর্থনীতি নামক একটি শাখা আছে। এই শাখা অর্থনীতিতে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার গুরুত্ব সম্পর্কে আলোচনা করে এবং দেখায় যে আমাদের সমাজে ও জীবনে প্রতিষ্ঠানের গুরুত্ব অপারিসীম। যে কোন প্রতিষ্ঠানের স্থায়িত্ব এবং অগ্রগতির জন্য প্রয়োজন উপযুক্ত মানব সম্পদ। ম্যানেজমেন্ট বিজ্ঞান প্রতিষ্ঠানের নেতৃত্ব দেওয়ার জন্য নিজস্ব ক্ষেত্রে দক্ষতার পাশাপাশি আরও কিছু গুণকে চিহ্নিত করে। এগুলি হল ঐকান্তিকতা, ধৈর্য ও সূক্ষ্ম, প্রখর বুদ্ধিসম্পন্ন বিশ্লেষণী ক্ষমতা, স্বাথহীনতা, মানুষের সঙ্গে মানিয়ে নেওয়ার ক্ষমতা এবং দূরদর্শিতা। একটুও অতিশয়োক্তি করছি না, আমি আশুতোষ কলেজে অপূর্বকে যে ভাবে দেখেছি, তাতে আমার বোধে অপূর্বের মধ্যে এইসব গুণগুলিরই সমাবেশ ঘটেছে।

আমাদের আশুতোষ কলেজে যোগদানের পর কিছুদিনের মধ্যেই বেতন সংশোধনের একটি প্রক্রিয়া চালু হয়, যার জন্য হিসাব ইত্যাদি নিয়ে হঠাৎ অনেক কাজ এসে পড়ে। বয়সে নবীন হলেও প্রশাসনিক অভিজ্ঞতাসম্পন্ন

অপূর্ব এই কাজের নেতৃত্ব কাঁধে তুলে নেন। এরই দু এক বছর পরে একবার অধ্যাপকদের একটি পিকনিকের ব্যবস্থা করা হয় - স্থান ছিল রায়চক। স্বতঃপ্রণোদিতভাবেই পিকনিকের দায়িত্বভার অপূর্ব গ্রহণ করেন। বলা বাহুল্য, এই পিকনিক একশো শতাংশ সফল হয়েছিল এবং এই পিকনিকের মধুর স্মৃতি আমার মনে এখনও জাগরুক। অপূর্বকে আমি আশুতোষ কলেজ পরিচালনার প্রধান দায়িত্বে প্রত্যক্ষভাবে দেখিনি, যে দায়িত্ব গত কয়েক বছর অপূর্ব পালন করছেন। কিন্তু আমি জোর দিয়ে বলতে পারি অপূর্বর নেতৃত্বে কলেজের এই সময়কাল সমাজের নানাবিধ অনিশ্চয়তা সত্ত্বেও নিশ্চয়ই মসৃণভাবে চলছে।

অঙ্কশাস্ত্রে অপূর্বর ব্যুৎপত্তি সম্পর্কে মন্তব্য করার কোন অধিকার আমার নেই, কিন্তু ছাত্রছাত্রীদের মুখে সততই তাঁর প্রশংসা শুনেছি। এ ছাড়াও, অপূর্বের বৌদ্ধিক মানের উচ্চতার আন্দাজ পেয়েছিলাম, যখন কথা প্রসঙ্গে অপূর্ব বলেছিলেন যে ডবলিউ বি সি এস পরীক্ষায় ভারতীয় পরিকল্পনা নামক যে অর্থনীতি বিষয়ক একটি পত্র ছিল, সেটি তিনি প্রায় না পড়েই পরীক্ষা দিয়েছিলেন। যিনি একটি পত্র সেইভাবে না পড়েও ডবলিউ বি সি এসের মত প্রতিযোগিতামূলক কঠিন পরীক্ষায় এ গ্রেড পেতে পারেন, তাঁর বৌদ্ধিক মান কতটা উঁচু মানের তা বোঝাই যায়। আরও দেখেছি যে আমাদেরই বিভাগে শ্রদ্ধেয় গোপালদা (ডঃ গোপাল ত্রিবেদী) মার্কিন যুক্তরাষ্ট্রে কোন একটি বিষয়ের অবতারণা করেছেন, তখন অপূর্ব কোন বিদেশী উপন্যাসে এ বিষয়টির উল্লেখ আছে, সে উপন্যাসটির কথা বলেছেন। এই সূত্রে জেনেছি যে সাহিত্যেও অপূর্বের ভালো রকম আগ্রহ আছে।

এই লেখার সূত্রে জীবনের কিছু ভালো সময়ের স্মৃতিরোমন্বনের একটি সুযোগ পাওয়া গেল। আমার ধারণা, অপূর্বর মত মানুষের সান্নিধ্য আমার মতো আশুতোষ কলেজের আরও অনেককেই সমৃদ্ধ করেছে, অনেক কিছু শেখার সুযোগ করে দিয়েছে। এই লেখার মাধ্যমে অপূর্বর সার্বিক কুশল মঙ্গল কামনার সাথে সাথে সকলের জন্য এই প্রার্থনা করি, ওঁ সর্বেষাং স্বস্তির্ভবতু।

সর্বেষাং শান্তির্ভবতু।

চরৈবেতি, চরৈবেতি।

ড. দেবব্রত দত্ত
প্রাক্তন অধ্যাপক, অর্থনীতি বিভাগ
আশুতোষ কলেজ

অপূর্ব ই অপূর্ব

সবে সবে আশুতোষ কলেজে অধ্যাপনায় যোগ দিয়েছি। সব অধ্যাপক/ অধ্যাপিকা র সঙ্গে তখনও ঠিকমতো পরিচয় হয়ে ওঠেনি। এইরকম সময়ে একদিন Teachers' Council এর সভা হবে, নতুন secretary নির্বাচন। সেই সময় Teachers' Council Secretary ছিলেন গণিত বিভাগের অধ্যাপক শ্রী অপূর্ব রায়(A. R) । সভায় যোগদান করার পর অবশ্য সেকথা জেনেছিলাম। সভা শুরুর কিছু পরে, অধ্যক্ষ মহাশয় উপস্থিত আমাদের সকলকে পরবর্তী Secretary র নাম প্রস্তাব করতে বললেন। ঐ যে বললাম, আমি তো তখন অনেককেই চিনি না, অতএব সভায় চুপচাপ বসে থাকা ছাড়া আমার আর কিছু করণীয় ছিলো না। সভায় তখন গুঞ্জন চলছে, সেই সময় আমাদের এক অধ্যাপিকা 'রাইকমল' ম্যাডাম উঠে দাঁড়িয়ে অধ্যক্ষ মহাশয়কে জানালেন - 'স্যার, অপূর্ব ই অপূর্ব' । বেশ ভালো লেগেছিলো আমার, এইভাবে নাম প্রস্তাবের পদ্ধতিটা। যতোদূর মনে পড়ে , পরের term এও A. R. কে Secretary থাকতে হয়েছিলো।

ঐ meeting-এই প্রথম চেনা A.R.কে। ঔঁর বিভাগ যেহেতু ছিলো গণিত আর আমার প্রাণিবিদ্যা, তাই খুব একটা দেখাশোনার সুযোগ ছিলো না। এরপর A. R. হলেন কলেজের Bursar । এবার তো প্রাণিবিদ্যা বিভাগের আর Industrial Fish & Fisheries Department এর সব খরচপত্রের হিসেব নিকেশ বোঝাতে Bursar এর কাছে যেতেই হবে। অর্থাৎ আবার অঙ্ক। 'টকের জ্বালায় গাঁ ছাড়লাম , তেঁতুল তলায় বাস ' ? অঙ্কের ভয়ে হাজার সেকেভারীর বৈতরণী পার করেই একলাফে জীববিজ্ঞান নিয়ে পড়তে যাওয়া - আবার সেই গণিতের অধ্যাপকের কাছে গিয়ে হিসেব নিকেশের অঙ্ক! না, কোনোদিন কোনো অসুবিধা হয়নি। কলেজের আর সব বিভাগের সঙ্গে সঙ্গে আমাদের বিভাগের হিসেবও নিপুণ ভাবে সামলেছেন।

এবার A. R. কে একটু একটু করে চিনতে পারলাম। স্বল্পভাষী, ধীরস্থির, কলেজের গুরুত্বপূর্ণ বিষয়ে সুচিন্তিত মতামত প্রকাশ করা এক অতীব ভদ্র মানুষ। তবে ঔঁর চরিত্রের যে দিকটা আমার বিশেষভাবে ভালো লেগেছিলো তা হোলো ঔঁর 'wit। অধ্যক্ষ মহাশয়ের ঘরে অথবা Professors' Room এ Teachers' Council এর meeting এর শেষে বা অন্য কোনো সময়ে আমরা হয়তো কোনো একটা বিষয় নিয়ে গুরুগম্ভীর আলোচনা করছি, পাশ দিয়ে যাবার সময় A. R. ছোট্টো করে একটা মন্তব্য করে চলে গেলেন। উনি বেরিয়ে যাবার পর ঔঁর মন্তব্য গলাধঃকরণ করে, বুঝে, যখন আমাদের ভেতর থেকে হাসির ফোয়ারা বেরিয়ে এলো, ততক্ষণে A. R. হয়তো lift এ চড়ে ওনার বিভাগে পৌঁছে গেছেন। আর এতো witty হবেন নাই বা কেন? সারাক্ষণ গণিত চর্চা আর অবসর সময়ে 'দাবা' চর্চা - একজন মানুষের মস্তিষ্কের grey matter কে Lancet এর মতন ক্ষুরধার করে তো তুলবেই।

ভালো থাকুন A. R.। সুস্থ, সুন্দর, আনন্দময় , কর্মময় হোক আপনার আগামী দিনগুলো। আপনার হাতে তৈরি সমস্ত ছাত্রছাত্রীরা, আপনার সহকর্মীরা সহ সমগ্র আশুতোষ কলেজ আপনার অবদানের জন্য আপনাকে নমস্কার জানায়।

ড. সুপ্রিয়া সেনগুপ্ত
অবসরপ্রাপ্ত অধ্যাপিকা , প্রাণিবিদ্যা বিভাগ
আশুতোষ কলেজ

অধ্যাপক অপূর্ব রায়কে যেমন দেখেছি

অধ্যাপক অপূর্ব রায় - তিন দশকের বেশি সময় জুড়ে এই মানুষটির সঙ্গে আমার পরিচয়। শুনেছিলাম, আশুতোষ কলেজের গণিত বিভাগে যোগদানের পূর্বে তিনি আরো দু-একটি কলেজে স্বল্প সময়ের জন্য পাঠদান করেছিলেন। সরকারি আধিকারিক হিসাবেও তিনি প্রশাসনিক কর্মে যুক্ত ছিলেন কিছুদিনের জন্য। পরবর্তীকালে সেই সব দায়িত্ব ছেড়ে তিনি অধ্যাপনাকর্মে সম্পূর্ণরূপে নিজেই যুক্ত করেছিলেন। অধ্যাপনাকে তিনি যে প্রকৃতিই ভালোবাসেন, এটা তারই প্রমাণ। এই এতদিন পরে একথা আমি নির্দিষ্ট বলতে পারি যে, কর্মজীবনে অপূর্ববাবুর সঙ্গে কাজ করে আমার ভালো লেগেছে। তাঁর কর্মনিষ্ঠা আমাকে বিস্মিত করেছে। অপূর্ববাবু নিজের বিভাগে অধ্যাপনা ছাড়াও কলেজের অন্যান্য বিষয়েও নিশ্চুপভাবে কাজ করেছেন। তিনি কলেজের বারসারের দায়িত্ব যেমন সামলেছেন, তেমনই কলেজের কর্মপরিচালন সমিতির সদস্য হিসাবেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। কর্মজীবনের উপাস্তে উপাধ্যক্ষ হিসাবেও তিনি কলেজ পরিচালনা করেছেন। দীর্ঘ এতগুলো বছর তাঁকে দেখে, তাঁর সঙ্গে কাজ করে, সহকর্মী হিসাবে আমি আনন্দিত ও সুখী হয়েছি। এখনও অঙ্কের কোনো পুরোনো ছাত্র বা ছাত্রীর সঙ্গে দেখা হলে তারা অপূর্ববাবুর কথা জিজ্ঞাসা করে। এখান থেকেই বুঝতে পেরেছি ছাত্রদের মধ্যে অধ্যাপক হিসাবে তাঁর “ইম্প্যাক্ট” কতটা! একটা সময় কলেজের ক্রিকেট খেলায় আমরা নিয়মিত সদস্য ছিলাম। ক্রিকেট ছাড়াও অবসর সময়ে তিনি দাবা খেলতে পছন্দ করেন। অধ্যাপনা, খেলাধুলার পাশাপাশি তিনি ভ্রমণবিলাসী - ঘুরতে তিনি খুবই ভালোবাসেন। ঘোরার বিষয়ে অনেক সময় তাঁর থেকে ব্যক্তিগত পরামর্শ নিয়েছি এবং উপকৃত হয়েছি!

অধ্যাপক অপূর্ব রায় আমার দৃষ্টিতে একজন সজ্জন ও পরোপকারী ব্যক্তি। তিনি ঠাণ্ডা মাথার মানুষ, তাঁকে কখনও উঁচু স্বরে কথা বলতে দেখিনি আমি। অহংবোধ বা অহমিকার প্রকাশও তাঁর মধ্যে আমি দেখিনি। আমার চোখে তিনি পরিষ্কার স্বচ্ছ মনের মানুষ। এক কথায় নির্বিবাদী মানুষ বলতে যা বোঝায় অপূর্ববাবু তেমনই একজন মানুষ। তবে কম কথার মানুষ হলেও মাঝেমাঝেই তাঁকে দেখেছি বিভিন্ন বিষয়ে মজার মজার কথা বলছেন। তাঁর “সেন্স অব হিউমার” অনবদ্য। এদিক থেকে তিনি আমার কাছে অবশ্যই একজন আকর্ষণীয় ব্যক্তিত্ব। তাঁর জীবনাচরণের আরেকটি দিকও আমাকে প্রবলভাবে আকৃষ্ট করেছে। তাঁর বয়স যত বেড়েছে নতুন জীবনদর্শনের প্রতি তাঁর আগ্রহও বৃদ্ধি পেয়েছে। রামকৃষ্ণ-বিবেকানন্দ জীবনদর্শনের প্রতি তাঁর আন্তরিক অনুরাগ আমাকে সত্যিই মুগ্ধ করেছে। শিক্ষা ও জীবনদর্শনের দিক থেকে তিনি প্রকৃতিই একজন আলোকিত মানুষ।

আশুতোষ কলেজের উপাধ্যক্ষ হিসাবে যে সময়ে অপূর্ববাবু দায়িত্বগ্রহণ করেছিলেন, সেই সময়টা সবদিক থেকেই একটি কঠিন সময় ছিল কলেজের পক্ষে। একদিকে আমাদের মাননীয় অধ্যক্ষের অন লিয়েনে থাকা এবং অন্যদিকে করোনা অতিমারীর মতো একটি ভয়াবহ অবস্থা - এই কঠিন পরিস্থিতিতে তিনি উপাধ্যক্ষ হিসাবে যেভাবে কলেজ পরিচালনা করেছেন, তা অবশ্য প্রশংসনীয়। বিশেষত করোনা কালে অতিমারীর মধ্যেও তিনি ও কলেজের বারসার অধ্যাপক ড. মানস কবি কলেজ প্রশাসনকে সচল রাখতে নিয়মিত কলেজে আসতেন। আমরা অনেকেই সেই সময় এই সাহস দেখাতে পারিনি। অথচ আমাদের কথা ভেবেই তাঁরা যৌথ উদ্যোগে অত্যন্ত মানবিক দৃষ্টিভঙ্গিতে দৃঢ়তা ও বলিষ্ঠতার সঙ্গে কলেজ পরিচালনা করেছিলেন সেই সময়। কলেজ পরিচালনার ক্ষেত্রে অপূর্ববাবুর এই দায়বদ্ধতার বিষয়টিও আমাকে মুগ্ধ করেছে। আমরা



**ASUTOSH
COLLEGE**

A CENTRE FOR
UG & PG STUDIES
AND RESEARCH

FESTSCHRIFT: PROF. APURBA RAY

প্রায় সমবয়সী হলেও আমাদের মধ্যে সর্বদাই পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক বর্তমান ছিল। কর্মক্ষেত্রে আমাদের মধ্যে খুব ঘনিষ্ঠতা না থাকলেও সর্বদাই পারস্পরিক সম্মান ও সম্ভ্রমবোধ অনুভব করেছি, একথা নির্দিধায় বলতে পারি। তাঁর সঙ্গে একই কলেজে দীর্ঘ তিন দশক জুড়ে কাজ করতে পেরেছি, তিনি আমার সহকর্মী ছিলেন__ এটা ভাবতে আমার ভালো লাগে। অপূর্ববাবুর অবসর জীবন সুখে-শান্তিতে-আনন্দে পরিপূর্ণ হোক। তাঁর দীর্ঘ সুস্থ জীবন কামনা করি।

ড. সজল ভট্টাচার্য
প্রাক্তন অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ
আশুতোষ কলেজ

অপূর্ব নির্মাণ

অপূর্ব রায় নামটা শুনলেই মনে খুশি ঝিলিক দিয়ে ওঠে। না, আশুতোষ কলেজের অধ্যাপক বা উপাধ্যক্ষ অপূর্ব রায়ের নাম ব'লে নয়। যৌবনেই পরিচিত হই বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' বা 'অপরাজিত' উপন্যাসের নায়ক অপূর্বকুমার রায় বা অপূর্ব সাথে। আমার আজীবনের বাস যে বাড়িটিতে সেটির অবস্থান রেল লাইনের ধারে। তাই চিরদিন অপূর্ব মতো রেলগাড়ি দেখতে আমার বড়ো সাধ। তাই আমার প্রথম কর্মজীবন যেখানে শুরু করলাম, সেখানে এসে যখন শুনলাম অপূর্ব রায় নামে একজন অধ্যাপক আছেন, তখন প্রথমেই আমি তাঁকে দেখার জন্য ব্যগ্র হয়ে উঠলাম। দেখলাম, প্রফেসরস' রুমের একদম কোণায় বসে একজন স্যার একমনে দাবা খেলছেন আর প্রতিপক্ষের চালগুলো কীভাবে মাং করে দেওয়া যায় সেই চেষ্টায় তিনি মগ্ন রয়েছেন। আমি কখনো তাঁকে অপূর্বদা ব'লে সম্বোধন করিনি, হয় 'অপূর্ববাবু' নয় তো 'স্যার' ব'লে সম্বোধন করেছি। টিচার্স কাউন্সিলের মিটিংয়ে আমি সব সময় ওঁর পাশে বসতাম যাতে মিস্তির ভাগ পাই।

এইবার ওঁর সম্পর্কে মজার কথাগুলি বলি। একদিন শেষ বিকেলে অপূর্ববাবু টিফিন খাচ্ছেন, আমি তাঁর কাছে গিয়ে খুব সহানুভূতির সুরে জিজ্ঞাসা করলাম— 'স্যার, এতক্ষণে টিফিন খাচ্ছেন?' স্যার স্বভাবোচিত ভঙ্গিতে বললেন— 'ভর্তি টিফিন বাস্ক নিয়ে বাড়ি ফিরলে কাল থেকে আর টিফিন পাবো না।'

বাংলার দিদিমণি আমি। আবশ্যিক বাংলার খাতা দেখতে দেখতে ক্লান্ত হয়ে একবার আমি বললাম— 'স্যার, অ্যাতো অ্যাতো খাতা দেখতে হয় আমাদের!' স্যার মুদু হেসে বললেন— 'আমি কি তোমায় বাংলা নিয়ে পড়তে বলেছিলাম?' আর এরপর যখন স্যার উপাধ্যক্ষ হলেন, তখন প্রায় প্রতিদিনই আমাদের কর্মপদ্ধতির বিভিন্ন বিষয় নিয়ে শুধুই অঙ্ক করতে হয়, তখন আমি যখন গিয়ে বলি— 'স্যার, অ্যাতো অঙ্ক করতে হবে জানলে আমি অঙ্ক নিয়েই পড়তাম।' তখন আবার স্যার একইভাবে বলেন— 'আমি কি তোমায় অঙ্ক নিয়ে পড়তে বারণ করেছিলাম?'

আমার সবচেয়ে পছন্দের বিষয় যদি বাংলা হয়, তাহলে সবচেয়ে অপছন্দের বিষয় হল অঙ্ক। অথচ সেই অপছন্দের বিষয়ের অধ্যাপক হলেন আমার সবচেয়ে প্রিয় মানুষ। জি.বি-তে শিক্ষক প্রতিনিধি হিসাবে একবার অপূর্ববাবু নির্বাচনে দাঁড়ালেন, আমি জানি আমাকে আর কারোরই ক্যাম্পেনিং করতে হবে না, কারণ এমনিতেও আমি অপূর্ববাবুকেই ভোট দেবো। এমন নির্বিरोधी স্থিতধী মানুষটিই তো আমার চির আদর্শ ছিলেন এবং চিরকাল তাই-ই থাকবেন। আমার নিজের বেলা-পড়ে-আসার এই প্রান্তলগ্নে যখন ছায়া ঘনিয়ে এসেছে মনের কোণে, স্যারের বিদায়বেলায় তখন মনে পড়ছে এই দু'টি পংক্তি—

“বিশ্বসাথে যোগে যেথায় বিহারো

সেইখানে যোগ তোমার সাথে আমারও ॥”

—তাঁর প্রতি রইল আমার শ্রদ্ধা-আনত প্রণাম।

অবসর-পরবর্তী জীবনে অপূর্ববাবু জয়রামবাটার ছায়া-সুনিবিড় গ্রাম-প্রকৃতির কোলে শ্রীশ্রী মায়ের আশীর্বাদধন্য হয়ে আনন্দে দিন কাটান— পরমমঙ্গলময়ের চরণে এই প্রার্থনা করি।

কৃষ্ণ বসু

সহযোগী অধ্যাপক
বাংলা বিভাগ, আশুতোষ কলেজ

ভিপি স্যার নন অপূর্বদা

কলেজে চাকরিতে যোগ দেবার কিছুদিন পর থেকে আমি দোতলার প্রফেসর'স রুমে আগের বসার জায়গা বদলে ঘরে ঢুকেই কোণের প্রথম টেবিলটায় বসতে শুরু করেছিলাম। আর সেই কোণের যাকে বলে diagonally opposite এ বসতেন একজন সিনিয়ার সহকর্মী, অফিসের অধ্যাপক অপূর্ব রায় বা অপূর্বদা।

শুনেছিলাম উনি আগে সিভিল সার্ভিসে ছিলেন, সেই কাজ ছেড়ে এসে অধ্যাপনায় যোগ দিয়েছিলেন। খুব অবাক হয়েছিলাম, কারণ যে দুনিয়ায় মানুষ ক্ষমতা আর অর্থকে গুরুত্ব দেয়, সেখানে সরকারি বড় পদ ছেড়ে মাস্টারি (যেখানে তখন মাইনেও খুবই কম ছিল) করতে আসাটা ব্যতিক্রমী নিঃসন্দেহে।

সেই থেকে বারসার হবার আগে পর্যন্ত অপূর্বদাকে আমরা চিনতাম যে ভাবে - স্বল্পভাষী, মৃদু হাসি, ঠান্ডা মাথার মানুষ, সুদীপদার (দাশগুপ্ত) সঙ্গে ক্লাসের ফাঁকে স্টাফরুমের ওই কোণটায় বসে দাবা খেলেন বা একা বসে সুদোকু করেন, ক্লাসের শেষে সারা হাতে চকের সাদা গুঁড়ো মাখা অবস্থায় ফিরে এসে হাতটা ধুয়ে চা খান একটা সিগারেট সহ, প্যান্টে না গোঁজা শার্ট, পায়ে চটি পরেন আর একটা সবুজ ফিফট নিজে চালিয়ে যাতায়াত করেন। পোশাকটা দেখে মনে হতো সিভিল সার্ভিসের নিয়মকানুন ছেড়ে এসে উনি বোধহয় এই সাজটাতেই স্বচ্ছন্দ। পরবর্তী কালে কলেজের হয়ে পুরস্কার নিতে গিয়েও সেই পোশাকের বদল হয়নি।

আর একটা কাজও উনি করতেন.... বছরে একবার (তখন সেমেস্টার ছিলনা) বিশাল একটা কাগজ ছড়িয়ে বসে সারা কলেজের রুটিন তৈরি করতেন। এই কাজটা উনি আজো করেন, কারণ মনে হয় এখনো কলেজে আর কেউ সেটা ওভাবে করতে পারেনা। কাগজটার আয়তন আর তার মধ্যে যতো ডেটা থাকে, সেটা নিজে চোখে না দেখলে আন্দাজ করা সম্ভব নয় কাজটার জটিলতার মাত্রা।

তারপর বারসার হয়ে অপূর্বদার বসার জায়গা বদলে গেল। কাজের মধ্যে যোগ হল অ্যাকাউন্টসের দায়িত্ব, তৎকালীন অধ্যক্ষ ড. দীপককুমার করের অন্যতম ভরসার জায়গা হলেন। কিন্তু তখনো যা যা বদলানো না, সেগুলো হল ওই রুটিন করা, পোশাক, চায়ের সঙ্গে সিগারেট আর আমাদের ওনাকে অপূর্বদা বলাটা।

অপূর্বদা যাকে বলা যায়... "দুঃখেসু অনুদ্বিগ্নমনা, সুখেসু বিগতম্পৃহ" ধরণের মানুষ। তাই ভাইস প্রিন্সিপাল হবার পরে প্রিন্সিপালের ঘরে বসেও সেই এক পোশাক, সেই রুটিন করা, প্রয়োজনে অ্যাকাউন্টস অফিসে গিয়ে কাজ দেখা বজায় রইল। তবে শরীরের সমস্যার জন্যে বাড়ি থেকে আসা টিফিনবাক্সটা সংযোজন হল। স্বল্পভাষী হওয়াও বদলালোনা, ফলে পদের কারণে নানান বক্তৃতা করতে হলেও, তার কোনোটাই ৫/৬ মিনিটের বেশি হত না।

এতগুলো বছরে অপূর্বদার বাড়িতেও গেছি নানান নিমন্ত্রণে..... এই সেদিনও গেলাম গুর নাতির অনুপ্রাশনে। কথা তখনও কম, তবে হাসিটা চওড়া। আর আজও আমাদের অপূর্বদা বলাটায় ওনার সমস্যা নেই, কোনোদিনই হয়ত সহকর্মীদের "স্যার" হয়ে উঠতে চাননি।

মানুষটি down to earth, আবেগের প্রকাশ নেই, বড় বা কড়া কথা বলেন না, উপাধ্যক্ষ হয়েও ক্ষমতা প্রয়োগ করেননা। তাই একটু অবাক লেগেছিল, যিনি সরকারি পদ ছেড়ে দিয়েছিলেন, তিনি আবার administrative

পদে কেন বসলেন? হয়ত বা তাঁর ঠাণ্ডা মাথা, নিঃশব্দে কাজ করা, প্রয়োজনে স্বল্প কথায় মতামত জানানোটা কলেজের কার্যকরী ক্ষেত্রে প্রয়োজন ছিল।

অবসর অনেক ক্ষেত্রে মানুষকে অবসাদগ্রস্ত করে। কিন্তু অপূর্বদার ক্ষেত্রে সেটা নিঃসন্দেহে হবেনা, বরং রবীন্দ্রনাথের ভাষায় বলা যায়, ২০২৩এর মে মাস আসার আগে থেকেই তিনি হয়ত মনে মনে গাইতেন : "হা রে রে রে আমায় ছেড়ে দে রে দে রে, যেমন ছাড়া বনের পাখি মনের আনন্দে রে"। সেই অবসরের পরে পরিবার, বেড়ানো, নাতি, সুদোকু, দাবা সবটা নিয়ে " মনের আনন্দে" সুস্থভাবে জীবন কাটুক অপূর্বদার, এই শুভেচ্ছা জানাই।

ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ

1987

A Man Who Led From The Front

Prof. Apurba Ray is possibly the coolest brained personality I have ever met. I used to seek his guidance every time I needed any suggestion about any problem in my functioning in the college. Actually, he is our Apurba Da, a guardian of many of his juniors in this very big college and I am one of the fortunate few whom he addresses here with the pronoun "tui".

Prof. Ray joined Asutosh College as a teacher of Mathematics in 1987, the same year in which I took admission here as a student of Geology honours with Mathematics as a Pass subject. A teacher is a teacher forever. I can speak from personal experience of his teaching abilities. When I first started teaching, I thought I needed to modify the ways I explained certain mathematical derivations that were essential to my lessons. I had no hesitation in asking him, and thus came to know better the art of explaining problems in Mathematics.

In my opinion, he is without a doubt the best chess player among the four colleagues who enjoyed playing the mental game after class hours. I remember myself as the sole spectator who never dared to participate as a player, of the series of games played every evening.

My impression is that the statements made by Prof. Ray at the Asutosh College Teachers' Council meetings served as instructional resources for new teachers who were interested in the institution's overall improvement. He always presented arguments and justifications for his statements. His remarks usually sparked debate on how to maximize potential and get over obstacles to uphold the integrity of the institute and its academic standards.

As a perfectionist he has prepared almost flawless class schedules for all subjects and served the college as the Bursar for years. I can remember once while attending a conference in Ahmedabad I had to write my basic salary in a form required for reimbursement of airfare by the organizers. I made a phone call to Prof. Ray, the bursar of the college at that time. In no time he retrieved the necessary data from his system and informed me.

We confronted numerous difficult issues during his not long but not short term tenure as the Vice Principal of the college. Regular academic activities nearly came to a halt during the first several days of the nationwide shutdown due to the Covid-19 epidemic. We transitioned to the online way of teaching and learning under his capable supervision, quickly becoming accustomed to the then new normal. Prof. Ray, a senior gentleman who is dependent insulin, bravely came to the college practically every day during that period to drive forward its development. Every teacher and leader in academic institutions can learn from his courage, competence, and calm for the benefit of themselves as well as the institution.

Dr. Abhik Kundu
Associate Professor
Department of Geology

Prof. Apurba Ray in My Eyes

Before joining Asutosh College, I had heard of a renowned Professor of Mathematics, Prof. Apurba Ray of Asutosh College who was famous for his knowledge and way of teaching. I thought of him as a grave and serious person. But the day I joined Asutosh College, I met him in the Principal's room and found him a very friendly person with a smile on his face. I was very impressed with his polite nature and friendly behaviour. I was very happy thinking that I had found such a nice person as my senior colleague.

Apurba Sir, as I have seen him for the last twelve years, does not talk much; most of the time he is engrossed in his work, calm, cool and collected. It was me who most of the time used to poke him by initiating conversations with him regarding everything about our college, retired Professors of the Department of Mathematics, departmental activities, even about his personal life. Sometimes I shared some jocular comments with him. He never became annoyed, rather he used to reciprocate every time. I must admit that he has a good sense of humour. As I observed him, Apurba Sir is a very broadminded and easily accessible person who is always willing to lend a helping hand. Whenever I asked him for help for any problem, he guided me heartily through the right way to solve the problem. He never misled me. I believe that he treats everybody the same way who comes to him with his or her problems.

Not only our personal problems, Apurba Sir has solutions to every problem regarding official and administrative affairs of our college. Several times I saw in Teachers' Council Meeting, when everybody was at a loss with some official complications, unperturbed Apurba Sir salvaged us very smoothly with his wits. An instance of his loyalty to Asutosh College is that he never availed his off day. He came to his college everyday and took classes along with other routine chores. What else can it be other than his utter love and commitment to his college? One of his exceptional excellence is that he never misbehaved with anybody, scolded anybody or used any sort of foul language to anybody. He has the ability to restrain himself. I think he has got a "Golden Heart".

Apurba Sir is now holding the post of Vice Principal and he is the highest Authority of our college. Nevertheless I have not noticed any change in his behavior towards his colleagues as yet. I find the same person in him as he used to be before becoming Vice

Principal. Such distinctive nature of his kind is very rare and really appreciable. From many of my senior colleagues I came to know that Apurba Sir has countless positive contributions to many successes of our college, for some of which I myself am the witness. Asutosh College will remember Prof. Apurba Ray for his priceless services and contributions forever.

Ashim Sarkar
Assitant Professor
Dept of Mathematics

Professor Apurba Ray as I saw him

It was a normal day in November of 2014 when I made my first visit to the department of Mathematics, Asutosh College with the idea of informing the existing stakeholders of my eagerness to join the department in the near future and to get acquainted with my future colleagues. That was my first meeting with Prof. Apurba Ray, then the Head of the Department of Mathematics and the Bursar of the college. My first impression of him was that of a senior faculty member, and to me a fatherly figure. So I decided to call him 'Sir', which I will use throughout this article to refer to him.

With more interactions with him, I started to realize that Sir was a very calm and composed person with a very wise head on his shoulders. With all the responsibilities that he performed on a daily basis in the capacity of bursar, it was clear that he was an integral part of the institution and the institution depended on his service in many aspects, especially with regard to finance. I remember, everyday there used to be a queue of staff members outside the department of Mathematics waiting for their turn to meet Sir and get a solution to their problems mainly regarding the financial issues of the institution. With a smiling face, he kept on meeting them one by one and advised them on their issues. Apart from this, working on the monthly pay bills of the staff members, arrear bills of the faculty members, pay fixation of newly appointed faculty members, promotion-related document preparation, formed the daily chores of Sir, which he performed quite efficiently and joyfully.

In spite of so much administrative responsibility, Apurba Ray as a teacher touched me in all possible ways it could have. I remember him taking classes from 11 am in the morning on a regular basis during that time (2015-2017). He used to conduct his classes inside the department in the mathematics laboratory, and sometimes I used to sit in the adjacent faculty room and listen to his classes. His classes on applied mathematics, especially on the topics like particle dynamics, rigid dynamics, statics, hydrostatics, etc., were unparalleled. Listening to him teaching from the adjacent room I got an idea about the teaching quality and prowess of Sir. His explanation of a problem was extremely lucid and interesting to all students. His way of solving mathematical problems involved techniques that can be rarely found in books. These not only made him an excellent teacher but an idol for the students. I have interacted with many ex-students of sir, namely Ajoy Jana (currently a faculty member of the department of Mathematics, Barrackpore Rastraguru Surendranath College) and others. Almost all

are of the opinion that there was no better teacher than Apurba Ray in their student life.

Sir was the head of the department of Mathematics from the time I joined the institution till he took the responsibilities of the Vice-Principal. His method of running the daily activities of the department was really something to look out for. The management of the available human resources was of top quality. It was a learning experience for me and for all the other junior faculty members of the department.

At the end of each year, Sir was found busy with big sheets which had class routines written all over. He used to get drowned under those big sheets trying to make his way towards preparing a class timetable that could accommodate all the departments of the college. It is quite understandable what a humongous task that is and how much knowledge, patience, and intelligence it requires to prepare a class timetable for over twenty-five departments. After college hours, chess games between Sir and Dr. Sudip Dasgupta (from the Department of Geography) were a common sight in the department of Mathematics. I have been missing that since 2018 when Sir accepted the responsibilities of the Vice Principal of the college and shifted to the Principal's office on the first floor.

After accepting the responsibilities of the Vice-Principal of the college, he had to leave the department of Mathematics and get involved in the administration of the college. But he was always there to participate actively in all the activities of the department from time to time. Whenever it was necessary we took his advice regarding various issues related to the department. His expertise always got us through all the troubles very smoothly. In the Vice Principal's office, it was a completely different challenge for Sir, but he handled it very smoothly. Be it academic affairs, financial affairs, or administrative issues, Sir was always one step forward in the situation and handled everything properly with his expertise and experience. I would say his reign as the administrative authority of the institution was really a golden period for Asutosh College.

His dedication to his duties is unmatched by far in today's time. It is evident from the numerous souls that he has touched by his excellent teaching skills and deep knowledge over the years, and someone like me who never got the opportunity to become his student, but is inspired by his personality. I feel honored to have known




such a dedicated and compassionate individual. The life skills he has shown over the years cannot be learned in a book, and I will be forever grateful for the wisdom and expertise that he has passed on to me both directly and indirectly. Probably this is the beginning of a new innings for him where he will find ample time for himself to do those things for which he could not spare time before. I would say do not retire from something, but retire to something. I wish Sir a happy, healthy, and long life ahead. May good luck be with him in all the work he has been waiting to do all these years!!.

“Congratulations on making it over all the hurdles and reaching that wonderful time of life where you get to do whatever you want.”

Stella Rheingold

Dr. Prabir Rudra
Assistant Professor
Dept. of Mathematics



Kolkata, West Bengal, India
92, Shyama Prasad Mukherjee Rd, Jatindas Park, P
Bhowanipore, Kolkata, West Bengal 700025, India
Lat 22.5252° Long 88.346122°
Monday, 28th February 2022 12:25 PM







Publication Cell, Asutosh College